# কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত কৃষি ও প্রাণী বিজ্ঞানের কোর্স করে চাকরির সুযোগ

পশ্চিমবঙ্গ-সহ ভারতে কৃষিবিজ্ঞান, প্রাণীসম্পদ বিকাশ ও সহযোগী ক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী ও সফল পেশাদার তৈরির লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকার ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে নদিয়ার কৃষ্ণনগরে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রাণি বিজ্ঞানের সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স, যা পাঠ্যক্রমিক পুনর্বিন্যাসের দিক থেকে পশ্চিমবঙ্গে প্রথম। বর্তমানে প্রচলিত কৃষিভিত্তিক আলাদা আলাদা ধরনের কোর্সগুলি আসলে নিয়োগ ক্ষেত্রকে সঙ্কুচিত করে। তাই দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : **(১) ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। **(২) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। **(৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্থ ম্যানেজমেন্ট**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। **(৪) ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল এক্সটেনশন সার্ভিসেস ফর ইনপুট ডিলার্স**। সময়সীমা : ১ বছর যোগ্যতা : মাধ্যমিক পাশ। উল্লেখ্য কর্মরত শিক্ষার্থীদের জন্য এই কোর্সে ছুটির দিনগুলিতে 'Blended' মোড এ ক্লাস করার সুযোগ আছে। সরকারি বিশ্ববিদ্যালয় থেকে এই ধরণের কোর্স পশ্চিমবঙ্গে প্রথম করানো হচ্ছে। এই কোর্স পাশ করার পর সরকারি সারের লাইসেন্স পাওয়ার জন্য আবেদন করা যাবে। **(৫) সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন**। সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : এইট পাশ।

কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। এছাড়া বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতেও উচ্চপদে চাকরির সুযোগ আছে। পাশাপাশি সরকারি লাইসেন্স নিয়ে আছে স্বাধীন ব্যবসার সুযোগ (বীজ ও রাসায়নিক সার, জৈব সার ও রোগ পোকা নিবারণের ওষুধ)। কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা। ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ : Susrijo Institute of Agricultural Science, Technology and Management, WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Krishnagar, Nadia, (Beside Krishnanagar Horticulture Department). Ph. : 8250155379, 9832015253. Website : www.siastm.org

## দ্রুত নিয়োগ করতে

১ পাতার পর

নতুন যে সংশোধনী হয়েছে, তাতে ২ জন সদস্যের বদলে ৬ জন সদস্য নিয়োগ করা হয়েছে। সদস্যদের মেয়াদ বাড়িয়ে ৬৫ বছর পর্যন্ত করা হয়েছে। ফিরে পাওয়া স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে রাজ্য সরকারে গ্রুপ-ডি, গ্রুপ-সি ও অন্যান্য পদে যাতে দ্রুত নিয়োগ করা হয়, তার দায়িত্ব থাকবে এই কমিশনের হাতে। পি.এস.সি.'র চাপ কমাতেই স্টাফ সিলেকশন কমিশনকে আবার ফিরিয়ে আনা হল। নবান্ন সূত্রে খবর, দ্রুত নিয়োগ করতে স্টাফ সিলেকশন কমিশনকে আরো ঢেলে সাজানো হবে। এক সময় পরিকাঠামো ভালো না থাকার জন্য খাদ্য দফতরের অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, বন দফতর ও বিদ্যালয় শিক্ষা দফতরের কয়েকটি পরীক্ষার দায়িত্ব দেওয়া হয়েছিল কমিশনকে। পরে সেই নিয়োগ নিয়েও অভিযোগ উঠেছিল। এখন রাজ্য সরকার মসৃণভাবে নিয়োগ করতে ডিজিটাল ব্যবস্থা চালু করছে।

NEW HORIZON ENGLISH
Objective English for
SSC-CGL CHSL CDS NDA
BANK (PO/CLERK) WBCS
Duration: 150 hrs. (6 months)
GRAMMAR, VOCAB.
COMPREHENSION, WRITING.
WEEKLY MOCK TEST
MODE: ONLINE & OFFLINE
Deshbandhu Road, Madhyamgram
Ph: 6290832880

NSIC TECHNICAL SERVICES CENTRE
HOWRAH, WEST BENGAL
iti Industrial Training Institute
UNDER MINISTRY OF MICRO, SMALL & MEDIUM ENTERPRISES SINCE 1955
AFFILIATED TO DGT, NCVT, GOVT. OF INDIA, ISO 9001:2015
LIMITED SEATS AVAILABLE FOR ITI ADMISSION IN 2022-24 SESSION
COURSES OFFERED
> FITTER- 2 YEARS
> WELDER-1 YEAR
> SURVEYOR-2 YEARS
> DRAUGHTSMAN(MECH.)-2 YEARS
> MACHINIST-2 YEARS
WHY CHOOSE US
• ON JOB TRAINING
• 100% PLACEMENT ASSISTANCE
• MODERNIZED TOOL ROOM
• SMART LABS.
• EXPERIENCED FACULTY

FOR MORE DETAILS: 9038396563, 9153294485, 9679244844
VISIT US AT https://nsic.co.in/NTSC/NTSC-Howrah
BEST IN PLACEMENT
Motherson Sumi Systems Limited · ABEL · Advance · TATA MOTORS · WBSETCL · MARUTI SUZUKI Way of Life! · JAGUAR · Tech Mahindra

JRSET COLLEGE OF LAW
Affiliated to University of Kalyani
Approved by Bar Council of India
Admission are going on
3 Years
LLB
Make Hurry! Seats are limited!!
Uttar Panchpota, Palpara, Chakdaha, Nadia, PIN- 741222
For Admission Call
9143128619
8250132289
7719130456

ANY RANK – DIRECT ADMISSION
SEBA INSTITUTE OF NURSING
Recognized by Govt. of W.B, Affiliated by WBNC & INC
Bolpur (Santiniketan), Birbhum- 731236
Admission Open 2022

যেকোনো র‍্যাঙ্কিংয়ে পশ্চিমবঙ্গে নার্সিং কোর্সে ভর্তি চলছে
হোস্টেল সহ
৫.৮ লাখ টাকায় ৬.৫ লাখ টাকায়
GNM ◆ B.Sc. Nursing





আমাদের বৈশিষ্ট্য :
☛ Course Fee কম এবং কোনো লুকানো Fee বা অতিরিক্ত খরচ নেওয়া হবে না। ☛ Student Credit Card এর মাধ্যমে ভর্তির সুবিধা। ☛ আমাদের কলেজ ক্যাম্পাস 80,000 বর্গফুট। ☛ শান্তিনিকেতনের মতো শান্ত পরিবেশে কলেজ। ☛ কলেজের মধ্যে Hostel-এর সুবিধা সহ ভালো খাবার এবং ঠান্ডা ও গরম জলের ব্যবস্থা আছে। ☛ INC নিয়ম অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন।
বল্লভপুর, বোলপুর (শান্তিনিকেতন), বীরভূম • M: 8927925499, 8250433066

# ANY RANK DIRECT ADMISSION

ন্যূনতম কোর্স ফি দিয়ে ভর্তি হোন, বাকি টাকা লোন করার দায়িত্ব কলেজের

৩৫০ বেডের নিজস্ব হসপিটালে নার্সিং স্টুডেন্টদের প্র্যাক্টিক্যালের সুবিধা

## M.R. INSTITUTE OF NURSING

**Affiliated by INC, WBNC, WBUHS Approved**

## GNM ◎ B.Sc. নার্সিং

## B.Pharm ◎ D.Pharm



For Direct Admission

✆ 8274091660

১ লাখ থেকে ২.৫ লাখ টাকা পর্যন্ত স্কলারশিপ পাওয়ার সুবিধা

পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর ঝাড়গ্রাম, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া

✆ 9836902256

উঃ, দঃ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, বর্ধমান

✆ 7595905107

অ্যাডমিশন ও এডুকেশন কনসালটেন্সি সংক্রান্ত যোগাযোগ

Mr. S. K. Mondal (Chief Admission Officer) 9163297000

যেকোনো র‍্যাঙ্কে কলেজে সরাসরি ভর্তির সুযোগ

ন্যূনতম কোর্স ফি দিয়ে ভর্তি হোন, বাকি টাকা লোন করার দায়িত্ব কলেজের

৩৫০ বেডের নিজস্ব হসপিটালে নার্সিং স্টুডেন্টদের প্র্যাক্টিক্যালের সুবিধা

## MOTHER RIJIYA INSTITUTE OF NURSING

**Affiliated by WBNC, WBUHS, INC (Applied) Approved**

১ লাখ থেকে ২.৫ লাখ টাকা পর্যন্ত স্কলারশিপ পাওয়ার সুবিধা



## GNM ◎ B.Sc. নার্সিং

## B.Pharm ◎ D.Pharm

For Direct Admission

✆ 8274091660

১ লাখ টাকা পর্যন্ত স্কলারশিপ

অ্যাডমিশন ও এডুকেশন কনসালটেন্সি সংক্রান্ত যোগাযোগ

Mr. S. K. Mondal (Chief Admission Officer) 9163297000

## উচ্চ মাধ্যমিক পাশ সকল ছাত্রছাত্রীদের পশ্চিমবঙ্গে নার্সিং পড়ার সুবর্ণ সুযোগ!!

**WBNC, WBUHS & INC Affiliated Colleges**

| মাত্র 2.8 লাখ টাকায় | মাত্র 3.5 লাখ টাকায় |
|---|---|
| **GNM** | **B.Sc. নার্সিং** |

ছেলে ও মেয়ে উভয়েই যোগ্য। বয়স : 17-35

# B.Pharm ◉ D.Pharm ◉ P.B.B.Sc.

# SRISTI NURSING EDUCATION & MANAGEMENT

## কেন ভর্তি হবেন আমাদের কাছে ?

১. Eastern India-র সবথেকে বড়ো ও বিশ্বস্ত নার্সিং ও প্যারামেডিক্যাল ভর্তির কাউন্সেলিং সেন্টার হিসাবে পরিচিত।
২. সবথেকে বেশী সংখ্যক কলেজের সরাসরি ভর্তির কাউন্সেলিং সেন্টার পশ্চিমবঙ্গে আমরাই।
৩. সবথেকে বেশী ছাত্রছাত্রী ভর্তির নিদর্শন ও তাদের জন্য আমরা গর্বিত।
৪. আমরা শুধু ছাত্রছাত্রী ভর্তি করাই না, তাদের পাশে থাকি কোর্স সম্পূর্ণ করা ও চাকরি পাওয়া পর্যন্ত।
৫. আমরা সেইসব কলেজে ভর্তি করাই যাদের নিজস্ব হসপিটাল আছে।
৬. শুধুমাত্র কলেজের পড়াশোনার মান নয়, হোস্টেলের থাকা ও খাওয়ার সুবন্দোবস্তের উপরও নজর দিই।
৭. আমরা সরাসরি কলেজের নামে ড্রাফট ও চেকের মাধ্যমেই ভর্তি সুনিশ্চিত করি।

সমস্ত জেলা ও ব্লক ভিত্তিক স্টুডেন্ট ও ফ্রাঞ্চাইজিরা যোগাযোগ করুন

**7595905107**



Student Credit Card ও Scholarship এর সুবিধা আছে

**OTHER COURSES : MBBS, BDS, BHMS, BPT, MPT, Ph.D., BAMS, BMLT, DMLT, M.Pharm**

নার্সিং কোর্স করে WB, All India এবং abroad-এ চাকরির সুবিধা নিন।

দুঃস্থ ও মেধাবী ছাত্রছাত্রীদের কোর্স ফি-তে বিশেষ ছাড়ের সুবিধা ■ সমস্ত ছাত্রছাত্রীদের লোনের ব্যবস্থা

ফ্রাঞ্চাইজি চাই : সমাজের সম্মানীয় শিক্ষক, প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের কর্ণধার এবং ব্যক্তিগণ ফ্রাঞ্চাইজি নিয়ে কাজ করতে যোগাযোগ করুন :

পূঃ + পঃ মেদিনীপুর : 9748140832 ● কলকাতা : 9907728954
পূঃ + পঃ বর্ধমান : 9874659030 ● হাওড়া, হুগলী, পুরুলিয়া, বাঁকুড়া : 9836238876

এখনই কাজ

বেড়ানোর প্রতি মানুষের আকর্ষণ সহজাত। কেউ বেড়াতে যান কাজের জন্য, আবার কেউ বা বেড়াতে যান বিনোদনের জন্য। অচেনা আনন্দ খুঁজে পেতে। আর বেড়ানোকে কেন্দ্র করে গড়ে উঠেছে বিশ্বের বৃহত্তম পরিষেবা ক্ষেত্র পর্যটন শিল্প। "একজন পর্যটক অতিথি হিসাবে বেড়াতে যাবেন আর ফিরবেন বন্ধু হয়ে" — এই মন্ত্রে বিশ্বাস করে গড়ে উঠেছে পশ্চিমবঙ্গের পর্যটন শিল্প।

**ভ্রমণ ও পর্যটন** : ভ্রমণ ও পর্যটন কিন্তু পুরোপুরি এক নয়। ভ্রমণ মানে নিছক বেড়ানো আর পর্যটন মানে পয়সা খরচ করে কোনো জায়গায় অন্তত একদিন থাকা। এক্ষেত্রে আর্থিক লেনদেন যুক্ত থাকায় পর্যটন হয়ে উঠেছে এক ধরনের শিল্প। আর এই পর্যটনের অন্তর্ভুক্ত বিষয় যেমন ভ্রমণ আছে, তেমনি হোটেল, পরিবহন, খাওয়া-দাওয়া, এমনকি হস্তশিল্পও এসেছে। যেমন দিঘায় বেড়াতে গিয়ে পর্যটকরা সমুদ্র দেখেন, আবার ঝিনুকের হস্তশিল্পও কেনেন।

**ভ্রমণের ধরন** : ভ্রমণার্থীরা মূলত এই ২টি কারণে বেড়াতে যান : (১) কাজ বা, ব্যবসার জন্য, (২) বিনোদনের জন্য। কাজের ভ্রমণের মধ্যে পড়ে শিক্ষামূলক ভ্রমণ, বিদেশ ভ্রমণ, বিজনেস ট্যুর, কনফারেন্স ট্যুর, ক্লায়েন্ট মিট ট্যুর ও চিকিৎসার জন্য ট্যুর। এমনকি দেশের রাষ্ট্রনায়করা যে বিদেশ সফর করেন, তাও পড়ে বাণিজ্যিক ভ্রমণের মধ্যে। এই ধরনের সফরের উদ্দেশ্য দু'ই দেশের মধ্যে বাণিজ্যিক ও কূটনৈতিক সম্পর্কের উন্নতি। অন্যদিকে বিনোদনমূলক ভ্রমণের মধ্যে আছে — তীর্থ ভ্রমণ, ঐতিহাসিক স্থান দেখা, মেলা ভ্রমণ, রোমাঞ্চকর ভ্রমণ ও অভিযান ভ্রমণ। এর পাশাপাশি এই মুহূর্তে জনপ্রিয় পর্যটন ক্ষেত্রগুলি হল :

**(১) নস্টালজিক ট্যুরিজম** : এক শ্রেণির পর্যটক শিকড়ের খোঁজে পুরনো স্মৃতি বিজড়িত স্থানগুলি দেখতে চান। একে বলে নস্টালজিক ট্যুরিজম। এ বাংলার অনেক লোকই যেমন স্মৃতির টানে পূর্ববঙ্গে বেড়াতে যান, তেমনি অনেক বিদেশি পর্যটক পূর্ব পুরুষের স্মৃতির খোঁজে বেড়াতে আসেন কলকাতায়।

**(২) অ্যাডভেঞ্চার ট্যুরিজম** : কেউ পাহাড়ে ট্রেকিংয়ে যান, কেউ যান নদীতে বোটিং করতে। আবার কারো পছন্দ জঙ্গলের মধ্যে নিজস্ব পথ ধরে হাঁটা, যাকে বলে 'ট্রেন ওয়ার্কিং'। ইদানিং কেউ পছন্দ করেন বেলুন ধরে ভাসা বা, গ্লাইডিং। এই ধরনের অভিযানমূলক ভ্রমণকে বলা হয় অ্যাডভেঞ্চার ট্যুরিজম।

**(৩) ইকো ট্যুরিজম** : প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে প্রকৃতির সান্নিধ্য উপভোগ করার জন্য যেসব প্রাকৃতিক বা, গ্রামীণ স্থান দেখতে যাওয়া হয়, সেইসব স্থানে বেড়াতে যাওয়াকে বলে ইকো-ট্যুরিজম।

**(৪) হেল্‌থ ট্যুরিজম** : রোগ নিরাময়ের জন্য কোথাও চিকিৎসা করাতে গিয়ে অনেকে কয়েকদিন সংশ্লিষ্ট অঞ্চল ঘুরে দেখতে চান। একে বলে হেল্‌থ ট্যুরিজম। যেমন, কলকাতার পিয়ারলেস বা, রুবি হাসপাতালে বাংলাদেশ থেকে বহু রোগী চিকিৎসার জন্য আসেন ও সেই সূত্রে কলকাতা ঘুরে দেখেন।

**(৫) হোম ট্যুরিজম** : বহু বিদেশি পর্যটক বা, প্রবাসী বাঙালিরা শারোদোৎসব বা, অন্য কোনো মরশুমে এ রাজ্যে এসে কারোর বাড়িতে থেকে বাংলার নিজস্ব সংস্কৃতি ও কৃষ্টির স্বাদ নিতে চান। এর বিনিময়ে ভালো টাকা আয় হয়। এই ধরনের বেড়ানোকে বলে 'স্টে অ্যাট হোম ট্যুরিজম'।

**(৬) গ্লাম্পিং ট্যুরিজম** : আজকাল বহু ট্রাভেল এজেন্সি শুধুমাত্র নবদম্পতিদের নিয়ে দেশ বা, বিদেশের বিশেষ স্থানে বেড়াতে নিয়ে যান। এই ধরনের বেড়ানোকে গ্লাম্পিং বা, হানিমুন ট্যুর বলা হয়। আসলে এই ধরনের বেড়ানো গ্লামারাস হয় বলে নাম হয়েছে গ্লাম্পিং ট্যুরিজম।

**(৭) মাইস ট্যুরিজম** : কর্পোরেট সংস্থাগুলি কর্মীদের কাজে উৎসাহ দেওয়ার জন্য সপরিবারে বিদেশে বিশেষত সিঙ্গাপুর, ব্যাঙ্কক, থাইল্যান্ডে বেড়াতে পাঠায়। যাবতীয় থাকা, খাওয়া ও যাওয়ার খরচ দেওয়া হয়। এই ধরনের বেড়ানোকে বলে মাইস ট্যুরিজম।

**পর্যটন শিল্প** : ভৌগোলিক অবস্থান ও বহুমুখী সংস্কৃতির জন্য ভারত এখন বিশ্বের অন্যতম পর্যটন কেন্দ্র হয়ে উঠেছে। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এদেশে পর্যটন ক্ষেত্রকে শিল্পের মর্যাদা দেওয়া হয় আর পর্যটন ও সংস্কৃতির নামে চালু হয় আলাদা মন্ত্রক।

### উচ্চমাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েদের

# ট্রাভেল ও ট্যুরিজম পেশায় চাকরির পাশাপাশি স্বনিযুক্তির প্রচুর সুযোগ

**অতিমারির মন্দা দশা কাটিয়ে ফের স্বাভাবিক ছন্দে ফিরে এসেছে। ট্রাভেল ও ট্যুরিজম ক্ষেত্র। আগের তুলনায় এখন কাজের সুযোগ ক্রমশ বাড়ছে ও দরকার হচ্ছে ট্রেনিংপ্রাপ্ত পেশাদারদের। কারা, কীভাবে কোথায় ট্রেনিং নিয়ে পেশাদার হতে পারেন, তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হল।**

এই মুহূর্তে ভারতে পর্যটনকে 'সানরাইজ ইন্ডাস্ট্রি' হিসাবে চিহ্নিত করা হচ্ছে। পর্যটন এমনই এক শিল্প যেখানে প্রাথমিকভাবে বিনিয়োগ করতে হয় না অথচ লাভ বেশি। যেমন কোনো এক ব্যবসায়ী যদি পর্যটন ক্ষেত্রে ১০ লাখ টাকা বিনিয়োগ করেন আর ২ জন ওই একই অঙ্কের অর্থ লগ্নি করেন কৃষি ও উৎপাদন ক্ষেত্রে, তবে পরে দেখা যাবে কৃষিতে কাজ পেয়েছে ৩০%, উৎপাদন শিল্পে ১৫% আর পর্যটন শিল্পে কর্মসংস্থান হয়েছে অন্তত ৫৫%। বিশেষজ্ঞদের মতে, পর্যটন ক্ষেত্রে প্রতি ৩ মিনিট অন্তত ১টি করে কাজের সুযোগ তৈরি হয়। কেন্দ্রীয় সরকার জাতীয় পর্যটন নীতিতে রাষ্ট্রীয় ঐতিহ্য অক্ষুণ্ণ রেখে পর্যটন শিল্পের প্রসারে বিশেষভাবে গুরুত্ব দিচ্ছে। পশ্চিমবঙ্গ সরকারও এ রাজ্যে পর্যটন শিল্পের উন্নতি ও বিকাশে বিশেষ উদ্যোগ নিয়েছে। আর পর্যটন শিল্পের প্রসার মানে কর্মসংস্থানের সুযোগ তৈরি হওয়া। রাজ্যে পর্যটন শিল্পের উন্নতির জন্য পাহাড়, জঙ্গল ও সমুদ্র এলাকায় গড়ে তোলা হচ্ছে উন্নত পরিকাঠামো। এই মুহূর্তে পশ্চিমবঙ্গে 'ইকো-ট্যুরিজম', 'মেডিক্যাল ট্যুরিজম', 'কালচারাল' ও হেরিটেজ ট্যুরিজম'র রমরমা বাজার তৈরি হয়েছে।

**চাকরির সুযোগ** : সরকারি ক্ষেত্রে চাকরির সুযোগ যেমন আছে কেন্দ্রীয় সরকারের পর্যটন ও সংস্কৃতি মন্ত্রক, ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন, আই.টি.ডি.সি., ইমিগ্রেশন বিভাগ ও সরকারি হোটেলে তেমনই লোক নেওয়া হয় পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন অধিকার ও রাজ্য পর্যটন উন্নয়ন নিগমে। বেসরকারি ক্ষেত্রে কাজের ভালো সুযোগ আছে এইসব সংস্থায় : ট্রাভেল এজেন্সি, ট্যুর অপারেটিং সংস্থা, পরিবহন সংস্থা, জাহাজ, বিমান সংস্থা, হাসপাতাল ও হোটেলে। বেসরকারি সংস্থাগুলিতে লোক নেওয়া হয় মূলত এই ২টি ক্ষেত্রে : ফ্রন্ট অফিসে ও ব্যাক অফিসে। ফ্রন্ট অফিসের কাজ হল ক্রেতা পরিষেবা আর ব্যাক অফিসের কাজ ট্যুর অপারেশন। এই বিভাগের পদগুলির নাম ট্যুর অপারেটর, ট্যুর ম্যানেজার, ট্যুর এসকর্ট ইত্যাদি।

**যোগ্যতা** : পর্যটন ক্ষেত্রে কাজের জন্য শিক্ষাগত যোগ্যতা লাগে ন্যূনতম গ্র্যাজুয়েট ডিগ্রি। সরকারি চাকরির ক্ষেত্রে এখনও পর্যটনের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ বাধ্যতামূলক নয়। ইউ.পি.এস.সি., স্টাফ সিলেকশন কমিশন কিংবা পি.এস.সি.'র মাধ্যমে লোক নেওয়া হয়। তবে নামী বেসরকারি ও কর্পোরেট সংস্থায় লোক নেওয়ার ক্ষেত্রে ট্রাভেল ও ট্যুরিজমের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশদের অগ্রাধিকার দেওয়া হয়। পেশাদারি যোগ্যতার পাশাপাশি থাকতে হয় ইংরিজি বা, হিন্দি কিংবা বিদেশি (ফরাসি বা, চিনা) ভাষায় কথা বলার দক্ষতা ও



সপ্রতিভতা (স্মার্টনেস)।

**অ্যাকাডেমিক ক্ষেত্র** : সরকারি ও বেসরকারি ওইসব সংস্থার পাশাপাশি কাজের সুযোগ আছে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতার। কলেজ বা, বিশ্ববিদ্যালয়ের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে চাকরি পেতে হলে 'নেট' পরীক্ষায় সফল হতে হয়। তবে বেসরকারি সংস্থায় 'ফ্যাকাল্টি' হিসাবে কাজ করার জন্য 'নেট'র যোগ্যতা লাগে না। সংশ্লিষ্ট ক্ষেত্রে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হতে হয় ও সেই সঙ্গে দরকার পড়ে পড়ানোর অভিজ্ঞতা।

## পর্যটন ঘিরে স্বনিযুক্তির পেশা

**ট্যুরিস্ট গাইড** : নতুন কোনো পর্যটনকেন্দ্রে পর্যটকদের ঘুরে বেরিয়ে সব কিছু দেখানোর সঙ্গী হলেন ট্যুরিস্ট গাইডরা। অজানা অচেনা জায়গার ঐতিহাসিক ঘটনা, কোনো স্থাপত্য শিল্প বা, ইতিহাস ইত্যাদি জানান ট্যুরিস্ট গাইডরা। অতিথি আপ্যায়ন করা ট্যুরিস্ট গাইডদের অন্যতম কর্তব্য। ট্যুরিস্ট গাইড হয় নানা ধরনের। যেমন : (ক) জেনারেল গাইড : স্থানীয় গাইড, যাঁরা নিজেদের স্থানীয় এলাকায় গাইড করে থাকেন। (খ) লিঙ্গুয়িস্টিক্স গাইড : ইংরিজি ভাষা ছাড়া যাঁরা অন্যান্য বিদেশি ভাষার পর্যটকদের গাইড করেন। (গ) এক্সপার্ট গাইড : বিদেশ থেকে এমন অনেকেই আসেন, যাঁদের উদ্দেশ্য কোনো নির্দিষ্ট জায়গার ওপর গবেষণা করা। এক্ষেত্রে এক্সপার্ট গাইডরা তাঁদের তথ্য জানিয়ে সাহায্য করেন। (ঘ) ইন্ডোর-আউটডোর ট্যুরিস্ট গাইড : কোনো-কোনো ট্যুরিস্ট গাইডরা পছন্দ করেন ইন্ডোরে কাজ করতে। যেমন বিভিন্ন গ্যালারি, মিউজিয়াম ও ঐতিহাসিক মহলের ভিতরে ঘুরে দেখাতে ও তার সম্পর্কে জানান ইন্ডোর ট্যুরিস্ট গাইডরা। অন্যদিকে, আউটডোর ট্যুরিস্ট গাইডরা শহরের এ প্রান্ত থেকে অন্য প্রান্তের দর্শনীয় স্থানগুলি ঘুরে দেখান।

ট্রাভেল এজেন্সি, ট্যুর অপারেটর সংস্থা ও সরকারি পর্যটন নিগমে গাইড নেওয়া হয়। গাইড হওয়ার জন্য পেশাদার ট্রেনিং নিতে হয়। আগে কেন্দ্রীয় সরকারের পর্যটন দপ্তর গাইডদের ট্রেনিং দিত। এখন গাইড ট্রেনিং পরিচালনার দায়িত্বে আছে গোয়ালিয়রের ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ট্যুরিজম অ্যান্ড ট্রাভেল ম্যানেজমেন্ট। ট্রেনিং দেওয়ার সময় সংবাদপত্রে বিজ্ঞপ্তি দেওয়া হয়। যে কোনো শাখার গ্র্যাজুয়টেরা এই ট্রেনিং নেওয়ার জন্য যোগ্য। বিদেশি ভাষা (ফরাসি / জার্মানি / চিনা) জানা থাকলে অগ্রাধিকার পাবেন। প্রার্থী বাছাই করা হয় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকে জেনারেল নলেজ ও ইতিহাস। ট্রেনিং দেওয়ার পর নেওয়া হয় পরীক্ষা। পরীক্ষায় সফল হলে পাবেন গাইডের লাইসেন্স (এটা ৩ বছর অন্তর নবীকরণ করতে হয়)। এরপর নাম নথিভুক্ত করতে পারেন আই.টি.ডি.সি., পশ্চিমবঙ্গ রাজ্য পর্যটন দপ্তর বা, বিভিন্ন ট্রাভেল এজেন্সিতে। গাইড পদে কাজ কোনো স্থায়ী চাকরি নয়। ফ্রি-ল্যান্সিং কাজ। কাজ পিছু পারিশ্রমিক। সাধারণত ৩৫ জনের দল পিছু ২ জন গাইড নেওয়া হয়। এ রাজ্যে কাজ হয় এই ২ ধরনের : ডোমেস্টিক ও ইন্টারন্যাশনাল। আন্তর্জাতিক ক্ষেত্রে কাজের জন্য বিদেশি ভাষা জানা আবশ্যিক। একজন ভালো গাইড মাসে ১০ হাজার টাকা থেকে ৩০ হাজার টাকা পর্যন্ত আয় করতে পারেন।

**কোথায় কী কোর্স** : (১) সার্টিফিকেট কোর্স — ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয়ে দূরশিক্ষাক্রমে ট্যুরিজম স্টাডিজের সার্টিফিকেট কোর্স পড়ানো হয়। ভর্তির জন্য যোগ্যতা দরকার উচ্চমাধ্যমিক পাশ।

(২) ডিপ্লোমা কোর্স — রেগুলার মোডে ট্রাভেল ও ট্যুরিজমের ডিপ্লোমা কোর্স পড়ানো হয় গোয়ালিয়রের ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম ম্যানেজমেন্টে। এছাড়া দূরশিক্ষাক্রমে ট্যুরিজম স্টাডিজের ডিপ্লোমা কোর্স পড়ানো হয় 'ইগনু'তে।

(৩) ডিগ্রি কোর্স — ট্রাভেল অ্যান্ড ট্যুরিজমের ডিগ্রি কোর্স পড়ানো হয় এইসব কলেজে : মুরলীধর গার্লস কলেজ, মহারানী কাশীশ্বরী কলেজ, ফকির চাঁদ কলেজ, বহরমপুর গার্লস কলেজ, গোবরডাঙা হিন্দু কলেজ, হলদিয়া গভর্ণমেন্ট কলেজ, কৃষ্ণনাথ কলেজ, সুন্দরবন হাজী দশরথ কলেজ। ভর্তির জন্য যোগ্যতা দরকার উচ্চমাধ্যমিক পাশ।

(৪) পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়ানো হয় বর্ধমান বিশ্ববিদ্যালয়ে। ঠিকানা : রাজবাটি, বর্ধমান। কোর্স : ট্যুরিজম অ্যাডমিনিস্ট্রেশন। ভর্তির জন্য যোগ্যতা দরকার অনার্স ডিগ্রি কোর্স পাশ।

## স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়

১ পাতার পর

তখন মাইনে মাসে ৪১,৯৬০ টাকা। সফল হলে এরপর 'অফিসার জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-I'এ চাকরি। মুল মাইনে : ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা। শূন্যপদ : ১,৬৭৩টি (জেনাঃ ৬৪৮, ও.বি.সি. ৪৬৪, তঃজাঃ ২৭০, তঃউঃজাঃ ১৩১, ই.ডব্ল.এস. ১৬০)। এর মধ্যে দৃষ্টিহীন প্রতিবন্ধী ১৮, বধির প্রতিবন্ধী ৩৬, এল.ডি. ২১, অন্যান্য ৩৯।

সাধারণ বা, ই.ডব্ল.এস. প্রার্থীরা ৪ বার, ও.বি.সি., সাধারণ প্রতিবন্ধী, ও.বি.সি. প্রতিবন্ধীরা ৭ বার এই পরীক্ষা দিতে পারবেন। তপশিলী ও তপশিলী প্রতিবন্ধীরা যতবার খুশি দিতে পারবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CRPD/ PO/2022-23/18.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে। সফল হলে মেন পরীক্ষা। তারপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৭, ১৮, ১৯ ও ২০ ডিসেম্বর। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে (ব্রাকেটে রাজ্যের কোড নং দেওয়া হল) : পশ্চিমবঙ্গ (কোড ৪৫) : কলকাতা, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, আসানসোল। অসম (কোড ১৪) : ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর, তেজপুর। বিহার (কোড ১৫) : অড়হ, ঔরঙ্গাবাদ, বিহারশরিফ, ভাগলপুর, দ্বারভাঙা, গয়া, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া, সমস্তিপুর, সিওয়ান। ঝাড়খন্ড (কোড ২৩) : বোকারো, ধানবাদ, হাজারিবাগ, জামশেদপুর, রাঁচি। ওড়িশা (কোড ৩৫) : আঙ্গুল, বালাসোর, বড়গড়, বারিপদা, বেরহামপুর (গঞ্জাম), ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, ঝড়সুগুড়া, রৌরকেলা, সম্বলপুর। সিকিম (কোড ৩৯) : গ্যাংটক। ত্রিপুরা (কোড ৪২): আগরতলা।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের ১ ঘন্টার ১০০ নম্বরের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় ২০ মিনিট। (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় ২০ মিনিট। (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় ২০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রিলিমিনারি পরীক্ষায় প্রতিটি পার্টে কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে 'মেন' পরীক্ষার জন্য ডাকা হবে। প্রিলি পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ডিসেম্বরের প্রথম ও দ্বিতীয় সপ্তাহ থেকে।

'মেন' পরীক্ষায় অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে। অবজেক্টিভ টাইপের পার্টে ৩ ঘন্টার ২০০ নম্বরের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ (গ্র্যামার, ভোকাবুলারি, কম্প্রিহেনশন) -৪০ নম্বরের ৩৫টি প্রশ্ন, সময় ৪০ মিনিট। (২) টেস্ট অফ জেনারেল, ইকনমি, ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস -৬০ নম্বরের ৫০টি প্রশ্ন, সময় ৪৫ মিনিট। (৩) টেস্ট অফ ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন-৫০ নম্বরের ৩০টি প্রশ্ন, সময় ৪৫ মিনিট। (৪) টেস্ট অফ রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউট -৫০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৫০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ডেসক্রিপ্টিভ টাইপের পেপারে ৫০ নম্বরের ৩০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে 'টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ (লেটার রাইটিং ও প্রবন্ধ লেখা)। অবজেক্টিভ টাইপের পার্টে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন। ডেসক্রিপ্টিভ টাইপের পার্টে কোয়ালিফাইং নম্বর পেতে হবে। 'মেন' পরীক্ষায় অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের পার্টের পরীক্ষা হবে অনলাইনে। অনলাইন মেন পরীক্ষা হবে জানুয়ারি-ফেব্রুয়ারি মাস নাগাদ, হুগলি, কল্যাণী, কলকাতা, আগরতলা, জামশেদপুর, রাঁচি, পটনা, গুয়াহাটি, পোর্ট ব্লেয়ার, শিলং, আইজল। ফল বেরোবে ফেব্রুয়ারিতে।

মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। গ্রুপ ডিসকাশনে থাকবে ২০ নম্বর ও ইন্টারভিউয়ে থাকবে ৩০ নম্বর কিংবা শুধুমাত্র ইন্টারভিউ হলে থাকবে ৫০ নম্বর। 'মেন' লিখিত পরীক্ষা ও 'গ্রুপ ডিসকাশন আর ইন্টারভিউ'এ পাওয়া নম্বর যোগ করে মেধা তালিকা তৈরি হবে।

এছাড়া পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন 'Acquaint Yourself' পুস্তিকায়, যা লিখিত পরীক্ষার কল লেটারের সঙ্গে ডাউনলোড করতে পারবেন। তপশিলী ও প্রতিবন্ধীরা ইন্টারভিউ দিতে যাতায়াতের ভাড়া পাবেন। তপশিলী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীরা 'প্রি-এক্সামিনেশন ট্রেনিং' নিতে পারেন। এজন্য দরখাস্তের নির্দিষ্ট জায়গা পূরণ করবেন। প্রি এক্সামিনেশন ট্রেনিং হবে নভেম্বর-ডিসেম্বরে, কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, পটনা, আগরতলা, শিলচর, গুয়াহাটি, গ্যাংটক, ভুবনেশ্বর, রাঁচী ও শিলংয়ে। প্রি-এক্সামিনেশন ট্রেনিংয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন নভেম্বরের প্রথম সপ্তাহ থেকে। ট্রেনিং শুরু নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১২ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sbi.co.in, https://bank.sbi/careers

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্মাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এছাড়াও নিচে দেওয়া ডিক্লারেশন নিজের হাতে লিখে স্ক্যান করবেন : 'I...... (Name of the candidate)........ (Date of Birth) hereby declare that all the information sumitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required. The signature, photograph and left hand thumb impression is of mine'.

অনলাইনে দরখাস্ত করার আগে প্রথমে পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা জমা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে জমা দিতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে পারবেন ডেবিট কার্ড (রু-পে / ভিসা / মাস্টার কার্ড / মেয়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড / মোবাইল ওয়ালেট। অনলাইনে টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন।

এবার ওই ওয়েবসাইটে গিয়ে ধাপে ধাপে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। নাম রেজিস্ট্রেশনের পর আবেদনপত্রের ১ কপি প্রিন্ট আউট ও ই-রিসিপ্ট (Deposit Journal No.)'এর ১ কপি নিজের কাছে রেখে দেবেন। অন্য কোনো মাধ্যমে টাকা জমা দিলে নাম নথিভুক্ত করতে পারবেন না। অনলাইন পরীক্ষা দেওয়ার সময় কল লেটারের সঙ্গে পেমেন্ট রিসিপ্টের মূল কপি জমা দিতে হবে। তপশিলী, ও.বি.সি. প্রভৃতি প্রার্থীদের বেলায় ইন্টারভিউয়ের সময় কাস্ট সার্টিফিকেটের মূল কপি দেখাতে হবে। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।


**INSTITUTE OF RAIL TRANSPORT**

Room No.104, North Central Railway Project Unit, Shivaji Bridge, Behind Shankar Market, Near I.R.W.O. Office, New Delhi - 110001.
Ph. Nos.: 01123416832/23416833
E-mail: irtindia3@gmail.com,
Website: www.irt.indianrailways.gov.in

Apply Online Also

On Popular demand, the Institute of Rail Transport (IRT) extends the date for receipt of application upto **31st October, 2022** for the following Diploma Courses.

1. TRANSPORT ECONOMICS & MANAGEMENT
2. MULTI-MODAL TRANSPORT (CONTAINERISATION) & LOGISTICS MANAGEMENT
3. RAIL TRANSPORT & MANAGEMENT

**Each Course Fee: ₹ 8,000/- (All Inclusive).**
Also invites fresh application for following diploma course by correspondence.

4. PORT DEVELOPMENT & MANAGEMENT

**Course Fee: ₹ 10,000/- (All Inclusive).**
This programme has been redesigned as one year duration course. Based on populer demand.
**ELIGIBILITY** : Graduate or Three Years Diploma in any Discipline from any recognized University / Institute / State Govt. with relaxation to Central / State Govt. employees / Armed Service Personnel (Serving & Retired), these candidates should have completed Sr. Sec. School with three year working experience.
**EXAMINATION CENTRES** : Delhi, Mumbai, Kolkata, Chennai, Secunderabad, Lucknow, Guwahati and Bhubaneswar. (Subject to sufficient number of students appearing in any centre).
Refer prospectus for details, on **payment of ₹ 200/-** including postal charges by Demand Draft in favour of **Institute of Rail Transport,** payable at **New Delhi.** Write full name and address in capital on the reverse of the draft and the name of the course.
Prospectus also available by cash payment of 150/- at the following counters & apart from above counter also:
Prospectus and admission is also available on online at **www.irt.indianrailways.gov.in.**
The last date for receipt of Application is **31st October, 2022**
**The Institute will remain closed on Saturdays, Sundays & Gazetted Holidays.**

**The Institute is likely to sign an MoU with National Rail & Transportation Institute (NRTI), A Railway University, soon.**



**GSCE-তে পড়লেই সরকারি চাকরির সাফল্য নিশ্চিত**

- GSCE-তে রয়েছে বিশেষজ্ঞ টিচার।
- বেস্ট গাইডেন্স ও এক্সাম ওরিয়েন্টেডে স্পেশাল স্টাডি মেটিরিয়ালস।
- সপ্তাহে ২০ ঘণ্টার ক্লাস।
- সহজে পরীক্ষায় সাফল্য পাওয়ার জন্য স্পেশাল Workshop।
- লাস্ট মিনিট সাজেশন ইত্যাদি আরো অনেক সুবিধা রয়েছে GSCE-তে।

প্রাইমারিতে ২৫০০০ — শিক্ষক নিয়োগ শীঘ্রই — স্কুল সার্ভিসে ২০০০০

কেন্দ্রীয় সরকারে ১০ লক্ষ চাকরি
মাধ্যমিক থেকে মাস্টার্স, ম্যানেজমেন্ট বা নার্সিং—
সমস্ত যোগ্যতায় চলছে নিয়োগ

WBCS 2023 বিজ্ঞপ্তি শীঘ্রই
যোগ্যতা : গ্র্যাজুয়েশন
বয়স : ২০-৩৯ বছর

CGL পরীক্ষার আবেদনগ্রহণ চলছে। যোগ্যতা : গ্র্যাজুয়েশন। শূন্যপদ প্রায় ২০০০০

• WBCS • স্কুল সার্ভিস • Staff Selection • BANK • RAIL • LIC • PSC • Primary • SLST • Army • TET • Police ইত্যাদি সমস্ত কোর্সেই ভর্তি চলছে।

Helpline : 9830277100 / 200 / 300 | Website : www.gsceindia.org

**GSCE কেন্দ্র**

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9051040306, 9674087465 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |
| মানকুণ্ড | 9804956565 |

**GSCE** পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920



১৯ সেপ্টেম্বর থেকে শুরু হওয়া

**রেলের গ্রুপ-ডি**

পরীক্ষায় সিলেবাসভিত্তিক 'Common' প্রশ্নোত্তর পেতে

**WBCS Main 2022** (আগস্ট / সেপ্টেম্বর)

এছাড়াও পাবেন

রাজ্য পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর, SSC CHSL, CGL সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন

সাফল্য — সাধারণ জ্ঞান
সাফল্য — Appointment & Career News

যোগাযোগ করুন : 9830624170


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com